



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০(অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@Gmail.com

২৫ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

তারিখ : ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ভর্তি ২০১৮-২০১৯
কোটা সাক্ষাৎকার বিষয়ক তথ্যাবলি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের মাধ্যমে ১০-১১-২০১৮ তারিখের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আদিবাসী, প্রতিবন্ধী (দৃষ্টি, শ্রবণ, বাক ও শারীরিক) এবং খেলোয়াড় কোটার সাক্ষাৎকার নিম্নলিখিত সময় ও স্থান অনুযায়ী গ্রহণ করা হবে।

সাক্ষাৎকারের সময়সূচি

তারিখ	সাক্ষাৎকারের সময়	স্থান
৩১-০৩-২০১৯ (রবিবার)	০২:৩০	ডিন অফিস, কলা অনুষদ

সাক্ষাৎকারের সময় প্রার্থীদের যা অবশ্যই সঙ্গে আনতে হবে

- ভর্তি-পরীক্ষার মূল প্রবেশপত্র।
- এস.এস.সি./সম্মান, এইচ.এস.সি./সম্মানের পরীক্ষার মূল মার্কশিট/গ্রেডশিট।
- মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আদিবাসী, প্রতিবন্ধী (দৃষ্টি, শ্রবণ, বাক ও শারীরিক) কোটার মূল সনদপত্র এবং খেলোয়াড় কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের প্রত্যয়নপত্র।
- মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রামাণিক কাগজপত্র (যেমন: ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন/উপজেলা পরিষদ/জেলা প্রশাসন প্রদত্ত সার্টিফিকেট)। এটি কেবল মুক্তিযোদ্ধার নাতি/নাতনি আবেদনকারী শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য।
- এ ভর্তি সাময়িক। যাচাই বাছাইয়ের যে কোনো পর্যায়ে যদি কোনো নম্বরপত্র, সনদপত্র, কিংবা অন্য কিছু জালিয়াতি/অসত্য প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, কোটার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭টি কলেজের বিভিন্ন বিভাগে সাময়িক ভর্তি প্রাপ্তির জন্য এতদসঙ্গে সংযুক্ত নমুনা অঙ্গীকারনামাটি ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প প্রিন্ট করে সাক্ষাৎকারের দিন সাথে নিয়ে আসতে হবে (নমুনা সংযুক্ত)।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৮-২০১৯



প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ২০১৮-২০১৯
(ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজ)

মুক্তিযোদ্ধা কোটায় সাময়িক ভর্তির
অঙ্গীকারনামা

আমি..... মেধাক্রম.....(শিক্ষাবর্ষ ২০১৮-
২০১৯) এই মর্মে অঙ্গীকার করছি যে, আমার পিতা/দাদা/নানার মুক্তিযোদ্ধা সনদপত্র যাচাই বাছাইয়ে কোন
অসংগতি/ অসত্য প্রমাণিত হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজে পড়াশুনার যে কোন
স্তরে/শ্রেণিতে আমার ভর্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এতে আমার কোন আপত্তি থাকবে না।
এতদ্বিষয়ে আমি কোথাও কোন অভিযোগ উত্থাপন করবো না।

আমাকে উল্লিখিত শর্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধা কোটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ১ম
বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯) কোটায় প্রাপ্তব্য বিভাগে সাময়িক ভর্তি প্রদানের জন্য
কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাচ্ছি।

বিনীত,

নাম :

মাতার নাম :

পিতার নাম :

মুক্তিযোদ্ধার নাম : সম্পর্ক

ভর্তি পরীক্ষার রোল নম্বর :মেধাক্রম:.....

মেধাক্ষেত্র: মোবাইল :

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ